রেজিষ্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, ফেব্রুয়ারী ২৭, ১৯৮৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

(শুল্ক ও বিক্রয় কর)

## প্রজ্ঞাপন

ঢাকা, ১২ই ফাল্গুন ১৩৯৪/২৫শে ফেব্রুয়ারী, ১৯৮৮

এস, আর, ও ৪৬-আইন/৮৮/১১০৭/শুল্ক—Customs Act, 1969 (IV of 1969)-এর Section 219 (উক্ত Act-এর Section 37-এর সহিত পঠিত) এবং Sales Tax Ordinance, 1982 (XVIII of 1982)-এর Section 6 (উক্ত Ordinance-এর Section 5E এর সহিত পঠিত)-এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথাঃ—

১। এই বিধিমালা আমদানীকৃত কাঁচামাল দ্বারা প্রস্তুত মালামাল রপ্তানীর ক্ষেত্রে আমদানী শুল্ক ও বিক্রয় কর প্রত্যর্পণ বিধি, ১৯৮৮ নামে অভিহিত হইবে।

২। (১) জাতীয় রাজস্ব বোর্ড দেশে প্রস্তুতকৃত রপ্তানী পণ্য (স্থানীয়ভাবে প্রস্তুত, প্যাকিং মেটিরিয়াল এবং প্রক্রিয়াজাত কাঁচামাল সহ) উৎপাদনে ব্যবহৃত আমদানীকৃত কাঁচামালের উপর পরিশোধিত শুল্ক ও বিক্রয় কর সম্পূর্ণ বা আংশিক প্রত্যর্পণ মঞ্জুর করিতে পারিবে।

(২) বোর্ড সমহার (Flat rate) রপ্তানীকারক বা চালান (কনসাইনমেন্ট) ভিত্তিতে রপ্তানী পণ্যের উপর প্রত্যর্পণযোগ্য শুল্ক ও বিক্রয় করের হার বা পরিমাণ নির্দ্ধারণ পূর্বক আদেশ জারী করিতে পারিবে।



মূল্যঃ টাকা ১·২০

(৩) উপ-বিধির (২)-এর অধীনে নির্ধারিত প্রত্যর্পণযোগ্য শুল্ক ও বিক্রয় কর উপ-বিধি (১)-এ বর্ণিত কাঁচামাল যে শুল্ক স্টেশনের মাধ্যমে আমদানী করা হইয়াছে সেই স্টেশনের কালেক্টর অথবা বোর্ড কর্তৃক নির্দেশিত অন্য কোন শুল্ক স্টেশন এর কালেক্টর কর্তৃক প্রত্যার্পিত হইবে।

(৪) এই বিধির অধীন প্রত্যর্পণ সুবিধা প্রকৃত রপ্তানীকারক (তিনি প্রকৃত উৎপাদনকারী হউন বা না হউন)-কে দেওয়া হইবে।

৩। (১) আমদানীকৃত কাঁচামাল দ্বারা উৎপাদিত পণ্যের রপ্তানীর উপর শুল্ক ও বিক্রয় কর প্রত্যর্পণের পরিমাণ নির্ধারণের দাবী জানাইয়া রপ্তানীকারককে এই বিধিমালার সংগে সংযুক্ত এক্স ডি-১ ফরমে প্রয়োজনীয় তথ্য সরবরাহ করিয়া প্রস্তাবিত রপ্তানীর তারিখের অন্যূন ১২ (একুশ) দিন পূর্বে পরিচালক, শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা (অতঃপর পরিচালক বলিয়া উল্লেখিত) এর নিকট আবেদন পেশ করিতে এবং আবেদনের এক প্রস্থ বোর্ড (শুল্ক প্রত্যর্পণ শাখা) এর নিকট প্রেরণ করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এর অধীনে পেশকৃত আবেদনের সহিত নিম্নবর্ণিত সংযুক্তি থাকিতে হইবেঃ—

(ক) এই বিধিমালার সহিত সংযুক্ত এক্স ডি-২ ফরমে রপ্তানীকৃত পণ্যের ইউনিট প্রতি উৎপাদনে ব্যবহৃত কাঁচামালের সহগ (কোইফিসিয়েন্ট) এবং রপ্তানী পণ্য উৎপাদন এবং উহার প্যাকিংয়ে ব্যবহৃত আমদানীকৃত কাঁচামালের মূল্য (সি এণ্ড এফ) এবং আমদানীতে পরিশোধিত শুল্ক ও বিক্রয় করের পরিমাণসহ মাল উৎপাদনে অনুসৃত পদ্ধতির সংক্ষিপ্ত বিবরণ, এবং

(খ) রপ্তানীকারকের স্বাক্ষরযুক্ত রপ্তানী পণ্যের দুই প্রস্থ ষ্ট্যাণ্ডার্ড নমুনা, এবং যে ক্ষেত্রে একের বেশী শুল্ক স্টেশনের মাধ্যমে রপ্তানীর প্রস্তাব করা হয়, সেক্ষেত্রে অতিরিক্ত শুল্ক স্টেশনের সংখ্যা অনুসারে অতিরিক্ত সংখ্যক ষ্ট্যাণ্ডার্ড নমুনা দাখিল করিতে হইবেঃ

তবে শর্ত থাকে যে, অতিরিক্ত ভারী বা বিরাটকায় অথবা বিস্ফোরক প্রকৃতির অথবা অন্যভাবে অস্বাভাবিকতা সম্পন্ন রপ্তানী পণ্যের ক্ষেত্রে রপ্তানী কারকের অনুরোধে বোর্ড এই শর্ত শিথিল করিতে পারিবে।

(৩) যে ক্ষেত্রে কোন বিশেষ কারণে (যাহার ব্যাখ্যা দিতে হইবে) উপ-বিধি (১) অনুসারে আবেদন দাখিল করা সম্ভব না হয় সেই ক্ষেত্রে রপ্তানী তারিখের অন্যূন ৩ (তিন) দিন পূর্বে রপ্তানীকারক টেলিগ্রাম যোগে স্বীয় নাম, ঠিকানা, পণ্যের বিশদ বিবরণ, যে শুল্ক স্টেশনের মাধ্যমে রপ্তানী করা হইবে উহার নাম ও প্রাসংগিক অন্যান্য তথ্য বোর্ড এবং পরিচালককে জানাইবেন। এরূপ ক্ষেত্রে রপ্তানীকারক নিজ দায়িত্বে রপ্তানী পণ্যের দুই প্রস্থ নমুনা এ্যাসেসিং অফিসারের নিকট দাখিল করিবেন। সংশ্লিষ্ট শুল্ক স্টেশনের কালেক্টর উক্ত নমুনার এক প্রস্থ পরিচালকের নিকট প্রেরণ করিবেন।

(৪) উপ-বিধি (৩)-এর অধীনে টেলিগ্রাম যোগে সংবাদ পানের একুশ (২১) দিনের মধ্যে রপ্তানীকারককে উপ-বিধি (১) ও (২) রে বর্ণিত শর্তাদি পালনপূর্বক যথাযথ আবেদন (রপ্তানী পণ্যের নমুনাসহ) পরিচালকের নিকট পেশ করিতে হইবে এবং আবেদন পত্রের এক প্রস্থ বোর্ড (শুল্ক প্রত্যর্পন শাখা)-য় প্রেরণ করিতে হইবে।

৪। রপ্তানীকারককে (Customs Act, 1969 (IV of 1969) এর Section 39(c) অনুযায়ী রপ্তানীর সময়ে বিল অব এক্সপোর্ট এর গায়ে "অত্র রপ্তানীর উপর এস, আর, ও ৪৬-আইন/এন/৮৮/১১০৭/শুল্ক, তারিখ ২৫-২-১৯৮৮ অনুযায়ী শুল্ক ও বিক্রয় কর প্রত্যর্পন ( Drawback of duty and sales tax ) দাবী করা হইবে" মর্মে ঘোষণা দিতে হইবে। এই ঘোষণা সংশ্লিষ্ট কর্মকর্তা (এ্যাসেসিং অফিসার) দ্বারা প্রমাণীকৃত (অথেনটিকেটেড) হইতে হইবে, অন্যথায় শুল্ক ও বিক্রয় কর প্রত্যর্পণের দাবী অগ্রাহ্য হইবে।

৫। (১) শুল্ক ও বিক্রয় কর প্রত্যর্পণের হার নির্ধারণের আবেদন পাওয়ার পর সরজমিনে জরিপ শুরু করার পূর্বে পরিচালক দাখিলকৃত দলিলাদি পরীক্ষা করিবেন।

(২) উপ-বিধি (১)-এর অধীনে আবেদন পরীক্ষার প্রয়োজনে পরিচালক তাহার বিবেচনায় প্রয়োজনীয় দলিলাদি তলব করিতে পারিবেন। যদি রপ্তানীকারক পরিদপ্তর কর্তৃক তলবকৃত কাগজপত্র/দলিলাদি তলবের ২১ (একুশ) দিনের মধ্যে অথবা পরিচালক কর্তৃক বর্ধিত সময় সীমার মধ্যে (যদি কিছু থাকে) উহা দাখিল করিতে ব্যর্থ হন সেক্ষেত্রে পরিচালক শুল্ক ও বিক্রয় কর প্রত্যর্পণের দাবী প্রত্যাখান করার জন্য বোর্ডের নিকট সুপারিশ করিতে পারিবেন।

৬। (১) পুর্ণাঙ্গ আবেদন প্রাপ্তির পর ৩০ দিনের মধ্যে পরিচালক সরজমিনে জরিপ কাজ সমাধা করিবেন এবং শুল্ক ও বিক্রয় কর প্রত্যর্পণের হার বা পরিমাণ মঞ্জুরীর জন্য বোর্ডের নিকট সুপারিশ করিবেন। কোন কারণে উক্ত সময়ের মধ্যে চুড়ান্ত সুপারিশ করা সম্ভব না হইলে তিনি বোর্ডের নিকট একটি সাময়িক প্রত্যর্পণ হার বা পরিমাণ (চুড়ান্ত প্রত্যর্পণ হার বা পরিমাণের সহিত সমন্বয়যোগ্য) মঞ্জুরীর সুপারিশ করিবেন। পরিচালকের সুপারিশের ভিত্তিতে বোর্ড প্রত্যর্পণের হার বা পরিমাণ মঞ্জুর করিয়া আদেশ জারী করিবে।

(২) উপ-বিধি (১) এর অধীনে আদেশ জারীর পর রপ্তানীকারক সংশ্লিষ্ট কাস্টম হাউজ বা শুল্ক স্টেশনের কালেক্টরের নিকট এক্স ডি-৫ ফরমে শুল্ক ও বিক্রয় কর প্রত্যর্পণের দাবী পেশ করবেন।

(৩) উপ-বিধি (২)-এর অধীনে দাবী প্রাপ্তির দুই সপ্তাহের মধে (কোনরূপ আপত্তির কারণ না থাকিলে) সংশ্লিষ্ট কাস্টম হাউজ বা শুল্ক স্টেশনের কালেক্টর প্রত্যর্পণযোগ্য অর্থ চেক-এর মাধ্যমে রপ্তানীকারককে পরিশোধ করিবে।

৭। রপ্তানীকারক কর্তৃক বিধি (৫) অনুযায়ী প্রত্যর্পণ গ্রহণের পর যদি দেখা যায় যে, রপ্তানী পণ্য উৎপাদনে ব্যবহৃত আমদানীকৃত কাঁচামালের উপর কোন কারণে শুল্ক ও বিক্রয় কর পরিশোধ করা হয় নাই অথবা আংশিক পরিশোধ করা হইয়াছে অথবা কোন কারণে কালেক্টর শুল্ক ও বিক্রয় কর পূর্ণ বা আংশিক প্রত্যর্পণ করিয়াছেন তাহা হইলে রপ্তানীকারক যে কোন সময় উক্ত শুল্ক ও বিক্রয় কর ফেরত প্রদানে বাধ্য থাকিবেন।

৮। (১) উৎপাদনকারী শুল্ক পরিশোধিত আমদানীকৃত কাঁচামাল এইরূপে সংরক্ষণ/গুদামজাত ও নিবন্ধনভুক্ত (রেজিস্টার ভুক্ত) করিবেন যাহাতে উহা সহজেই সনাক্ত করা যায়।

(২) উৎপাদনকারী প্রস্তুতকৃত রপ্তানী পণ্য এইরূপে সংরক্ষণ ও নিবন্ধনভুক্ত করিবেন যাহাতে উহা কাঁচামালের হিসাব অনুসারে সহজেই সনাক্ত করা যায়।

(৩) উৎপাদনকারী রপ্তানীযোগ্য পণ্য অ-রপ্তানীযোগ্য প্রস্তুতকৃত পণ্য হইতে পৃথকভাবে সংরক্ষণ ও নিবন্ধনভুক্ত করিবেন।

(৪) উৎপাদনকারী আমদানীকৃত কাঁচামাল ও মোড়কের কাঁচামাল ক্রয়, সংগ্রহ ও গুদামজাতকরণ, রপ্তানী পণ্য প্রস্তুতিতে কাঁচামালের ব্যবহার এবং অপচয় হইয়া থাকিলে তাহার হিসাব যথাযথ রেজিস্টারে সংযুক্ত এক্স ডি-৩ ফরমে নিবন্ধনভুক্ত করিবেন। প্রস্তুকৃত পণ্যের হিসাবও যথাযথভাবে নিবন্ধনভুক্ত করিতে হইবে।

৯। (১) যদি কোন রপ্তানীকারক কোন রপ্তানী পণ্যের উপর ইতিপূর্বে বিজ্ঞপ্তি হারে সমহারভিত্তিক প্রত্যর্পণ সুবিধা চাহেন তিনি উহা প্রথম বার রপ্তানীর পূর্বে পণ্যের নমুনা প্রমাণীকরণের জন্য, প্রয়োজনীয় অভিযোজন সাপেক্ষে, বিধি ৩ অনুযায়ী পরিদপ্তরে আবেদন পেশ করিবেন। পরিদপ্তরে ১৫ দিনের মধ্যে প্রমাণীকৃত নমুনা শুল্ক স্টেশনসমূহে প্রেরণ করিবেন অথবা (নমুনা গ্রহণযোগ্য না হইলে) আপত্তি উত্থাপন করিবেন।

(২) সমহার-ভিত্তিক (ফ্লাট রেট) শুল্ক ও বিক্রয় কর প্রত্যর্পণ নির্ধারণ অথবা পুনঃ নির্ধারণের উদ্দেশ্যে পরিদপ্তরের কর্মকর্তাবৃন্দ উক্ত পণ্যের প্রস্তুতকরণে নিয়োজিত যে কোন কারখানা বা প্রতিষ্ঠান লিখিত নোটিশ দান করিয়া জরিপ করিতে পারিবেন এবং উক্ত কারখানা বা প্রতিষ্ঠানসমূহ জরিপ কার্যে পরিদপ্তরের কর্মকর্তাদের সহিত সকল প্রকার সহযোগীতা প্রদানে বাধ্য থাকিবেন।

১০। (১) ডাকযোগে রপ্তানী ব্যতীত অন্য সকল ক্ষেত্রে রপ্তানীকারক সংশ্লিষ্ট রপ্তানীযোগ্য পণ্য বিল অব এক্সপোর্ট সহ রপ্তানী শুল্ক স্টেশনের শুল্ক কর্মকর্তার নিকট পরীক্ষার জন্য উপস্থাপন করিবেন। ডাকযোগে রপ্তানীর ক্ষেত্রে রপ্তানীকারকের বা প্রস্তুতকারকের সংরক্ষণাগারে পরীক্ষাকার্য্য সমাধা করা যাইবে।

(২) ডাকযোগে রপ্তানীর সকল ক্ষেত্রে এবং অন্য কোন ক্ষেত্রে রপ্তানীকারক যদি নিজস্ব অথবা প্রস্তুতকারকের সংরক্ষণাগারে অথবা অন্য কোন অনুমোদিত স্থানে রপ্তানী পূর্বকালীন পরীক্ষা কার্য সমাধা করিতে ইচ্ছা করেন, তাহা হইলে তাঁহাকে সংশ্লিষ্ট শুল্ক স্টেশনের কালেক্টরের নিকট সেই মর্মে রপ্তানী তারিখের ৭ (সাত) দিন পূর্বে দরখাস্ত পেশ করিতে হইবে।

(৩) উপ-বিধি (২) অনুযায়ী পরীক্ষার পর অনতিবিলম্বে শুল্ক এসকোর্টে রপ্তানীযোগ্য শুল্ক স্টেশনে লইয়া যাইতে হইবে।

১১। যদি রপ্তানীকারক ডাকযোগে তাঁহার পণ্য রপ্তানী করিতে চাহেন তাহা হইলে এক্স ডি-৪ ফরমে প্রয়োজনীয় তথ্যের ঘোষণা বৈদেশিক পোস্ট অফিসে নিয়োজিত শুল্ক কর্তৃপক্ষের নিকট প্রমাণীকরণের জন্য পেশ করিবেন। রপ্তানীর পর এ্যাসেসিং অফিসার কর্তৃক প্রমাণীকৃত এক্স ডি-৪-এর তৃতীয় কপি, রপ্তানী পণ্যের নমুনা এবং বোর্ডের প্রত্যর্পণ হার সংক্রান্ত আদেশসহ সংশ্লিষ্ট শুল্ক কর্তৃপক্ষের নিকট প্রত্যর্পণের দাবী করিবেন।

১২। কাস্টমস এর সহকারী কালেক্টর বা তদুর্ধ পদমর্যাদার অধিকারী কোন কর্মকর্তা বিধি ১০(২) অনুসারে পরীক্ষিত পণ্য প্রয়োজনবোধে শুল্ক স্টেশনে পুনরায় পরীক্ষা করার আদেশ দিতে পারিবেন।

১৩। কোন ক্ষেত্রে যদি রপ্তানীকারক রপ্তানী পণ্য উৎপাদনে নিজস্ব আমদানীকৃত কাঁচামাল ব্যবহার না করিয়া শুল্ক কর পরিশোধিত কাঁচা মাল/প্রক্রিয়াজাত কাঁচামাল (মোড়কসহ) খোলা বাজারে ক্রয় বা সংগ্রহ করিয়া থাকেন সেক্ষেত্রে কাঁচামালের বিক্রেতা হইতে আমদানী বিল অব এন্ট্রির তৃতীয় অথবা গ্রহণযোগ্য সত্যায়িত কপি অথবা গ্রহণযোগ্য দলিলাদি দাখিল করিতে হইবে। এইরূপ ক্ষেত্রে রপ্তানীর তারিখ হইতে দুই বৎসর পূর্ব পর্যন্ত সময়কালে সংশ্লিষ্ট কাঁচামালের উপর প্রযোজ্য সর্ব নিম্ন শুল্ক ও বিক্রয় কর এর হার শুল্ক কর প্রত্যর্পণের হার বা পরিমাণ নির্ধারণের জন্য ব্যবহার করিবার অধিকার বোর্ড সংরক্ষণ করেন।

১৪। যে ক্ষেত্রে কোন রপ্তানীকারক চালান (কনসাইনমেন্ট) ভিত্তিতে রপ্তানী করিতে চাহেন সে ক্ষেত্রে উক্ত পণ্যের প্রত্যর্পণযোগ্য অর্থ প্রাপ্তির পূর্বে রপ্তানীকারককে সংশ্লিষ্ট শুল্ক কর্তৃপক্ষের নিকট এই মর্মে বাংলাদেশ ব্যাংক বা অথরাইজড ডিলার-এর নিকট হইতে প্রত্যয়ন পত্র দাখিল করিতে হইবে যে এই পণ্যের বিক্রয়লব্ধ বৈদেশিক মুদ্রা বাংলাদশ ব্যাংক-এ জমা বা রিপোর্ট করা হইয়াছে।

১৫। এতদ্বারা ১৯৭০ সনের ১৯শে আগষ্ট তারিখের প্রজ্ঞাপন নং SRO 202(I)/70 রহিত করা হইল।

তবারক আলী
সদস্য (প্রশাসন ও উন্নয়ন)।

ছক-এক্স ডি-১

উপ-বিধি ৩(১) দ্রষ্টব্য

রপ্তানী পণ্য উৎপাদনে ব্যবহৃত আমদানীকৃত কাঁচামাল/প্রক্রিয়াজাত কাঁচামাল/মোড়ক তৈরীতে ব্যবহৃত কাঁচামাল-এর উপর পরিশোধিত শুল্ক ও বিক্রয় কর প্রত্যর্পণের দাবী পেশ করার আবেদন পত্র।

১। আবেদনকারীর নাম ঃ

২। ঠিকানা ও টেলিফোন নম্বর ঃ

(ক) দপ্তর ঃ

(খ) কারখানা ঃ

৩। এই আবেদন পূর্বে পেশকৃত দরখাস্তের পণ্যের বিবরণ পরিবর্তনের জন্য হইলে পূর্ববর্তী আবেদনের সূত্র উল্লেখ করুন ঃ

৪। আবেদনকারীর শ্রেণী ঃ

(ক) পণ্যের প্রস্তুতিতে ব্যবহৃত কাঁচামাল কি আপনি নিজেই আমদানী করেন?

(খ) পণ্যের প্রস্তুতিতে ব্যবহৃত কাঁচামাল কি আপনি অন্য কোন আমদানীকারক/স্থানীয় প্রস্তুতকারক হইতে ক্রয় করেন?

(গ) আপনার প্রস্তুতকৃত পণ্য কি আপনি নিজেই রপ্তানী করিয়া থাকেন?

(ঘ) আপনি কি অন্যের প্রস্তুতকৃত পণ্য রপ্তানী করিয়া থাকেন?

৫। বিগত তিন বৎসরে কি পরিমাণ পণ্য রপ্তানী করিয়াছেন?

৬। আপনার/আপনাদের পণ্যের উৎপাদনে ব্যবহৃত কাঁচামাল আমদানীর বার্ষিক আমদানী স্বত্ব (এনুয়াল এনটাইটেলমেন্ট) কত? প্রত্যেকটির সিলিংসহ (যদি থাকে) সকল পণ্যের বর্ণনা দিন।

৭। নিজে প্রস্তুতকারী না হইলে প্রস্তুতকারীর নাম ও ঠিকানা দিন।

৮। প্রস্তুতকৃত পণ্যের বিষদ বিবরণ দিন।

৯। রপ্তানী পণ্যে ব্যবহৃত মোড়ক (প্যাকিং) এর ধরণ কি? ইহা কি আমদানীকৃত কাঁচামাল দ্বারা স্থানীয়ভাবে প্রস্তুতকৃত?

১০। আমদানীকৃত কাঁচামাল দ্বারা প্রস্তুত পণ্য ও মোড়ক সংক্রান্ত তথ্যঃ

(ক) কাঁচামালের বিবরণ, পরিমাণ ও মূল্য (সি এণ্ড এফ/ক্রয় মূল্য)।

(খ) যে বিল অব এন্ট্রির মাধ্যমে কাঁচামাল আমদানী করা হইয়াছে তাহার নম্বর, তারিখ, আমদানী শুল্ক-স্টেশনের নাম এবং পরিশোধকৃত শুল্ক, বিক্রয় কর ও অন্যান্য করের পরিমাণ।

(গ) স্থানীয়ভাবে সংগৃহীত আমদানীকৃত কাঁচামাল/প্রক্রিয়াজাত কাঁচামাল যে ব্যক্তির নিকট হইতে ক্রয়/সংগ্রহ করা হইয়াছে তাহার নাম ও পূর্ণ ঠিকানা ঃ

(ঘ) স্থানীয়ভাবে সংগৃহীত আমদানীকৃত কাঁচামালের আমদানীকারকের নাম ও ঠিকানা ঃ

১১। প্রস্তুতকৃত পণ্যের একক প্রতি খরচ ঃ

১২। কারখানা প্রান্তে একক প্রতি প্রস্তুতকৃত পণ্যের পাইকারী মূল্য ঃ

১৩। প্রতি এককের প্রকৃত অথবা প্রাক্কলিত (এস্টিমেটেড) এফ, ও বি, মূল্য। যদি সি, এণ্ড এফ ভিত্তিতে বিক্রয় চুক্তি হইয়া থাকে তাহা হইলে এফ, ও, বি, মূল্য ও পরিবহণ ব্যয় পৃথক ভাবে দেখান।

১৪। প্রস্তুতকৃত পণ্যের সর্বমোট ব্যয়ের মধ্যে ব্যবহৃত আমদানীকৃত কাঁচামালের ব্যয়ের অনুপাত কত?

১৫। একক প্রতি দাবীকৃত শুল্ক ও বিক্রয়করাদির প্রত্যর্পণের পরিমাণ ঃ

১৬। আমদানী লাইসেন্স প্রাপ্তি এক্স, পি, এল, ভর্তুকী, ইত্যাদির আকারে যে সমস্ত রপ্তানী সুবিধা ভোগ করিয়া থাকেন তাহা এফ, ও, বি, রপ্তানী মূল্যের শতকরা কত অংশ?

১৭। আবগারী লাইসেন্স নং, যদি থাকে ঃ

১৮। বিক্রয়কর প্রস্তুতকরণ লাইসেন্স নং, যদি থাকে ঃ

১৯। যে শুল্ক স্টেশনের মাধ্যমে পণ্য রপ্তানী করা হইবে তাহার নাম ঃ

ঘোষণা অঙ্গীকারনামা

১। আমি/আমরা ঘোষণা করিতেছি যে, উপরোল্লিখিত ছকে আমার/আমাদের দ্বারা বর্ণিত ও প্রদত্ত সকল তথ্য ও ঘোষণাবলী আমার/আমাদের জ্ঞান ও বিশ্বাস মতে সম্পূর্ণরূপে সত্য ও বস্তুনিষ্ঠ।

২। আমি/আমরা অঙ্গীকার করিতেছি যে,

(ক) "আমদানীকৃত কাঁচামাল দ্বারা প্রস্তুত মালামাল রপ্তানীর ক্ষেত্রে পরিশোধিত শুল্ক ও বিক্রয় কর প্রত্যর্পণ বিধিমালা, ১৯৮৭" এর সকল বিধি মানিয়া চলিতে বাধ্য থাকিব।

(খ) এই আবেদন পত্রে বর্ণিত সকল প্রকার কাঁচামাল ও আনুষংগিক পণ্যের আমদানী, ক্রয়, গুদামজাতকরণ, সদ্ব্যবহার, অপচয় ইত্যাদির হিসাব উপযুক্ত রেজিস্টারে লিপিবদ্ধ করা হইয়াছে এবং এতদসংক্রান্ত সকল দলিলাদি সযত্নে সংরক্ষিত আছে।

(গ) পরিদপ্তরকে লিখিতভাবে না জানাইয়া শুল্ক প্রত্যর্পণের জন্য দাবীকৃত পণ্যের সহগ, বিবরণ ও পরিমাণের কোন পরিবর্তন করিব না।

(ঘ) দাবী নিষ্পত্তির লক্ষ্যে দায়িত্বপ্রাপ্ত "পরিদপ্তরের, কর্মকর্তাদের সরজমিনে জরিপ, নিরীক্ষা ও সংরক্ষিত পণ্য হইতে অথবা উৎপাদনের সময় প্রামানিক নমুনা সংগ্রহে এবং এই দায়িত্ব পালনকালে তাঁহাদের চাহিদা অনুযায়ী সকল ধরণের সহযোগীতা করিব; এবং

(ঙ) সংশ্লিষ্ট কালেক্টর অব কাস্টমস এর সিদ্ধান্ত অনুযায়ী যদি প্রত্যর্পিত শুল্ক ও বিক্রয় কর বা ইহার কোন অংশ প্রত্যর্পণযোগ্য নহে অথবা প্রত্যর্পণযোগ্য অর্থ অপেক্ষা অতিরিক্ত প্রত্যার্পন করা হইয়াছে বলিয়া পরবর্তীতে বিবেচিত হয় সেক্ষেত্রে দাবীনামা পাওয়া মাত্র দাবীর অর্থ রাষ্ট্রীয় কোষাগারে ফেরত দিতে বাধ্য থাকিব।

৩। আমি/আমরা এতদসংগে নিম্নলিখিত দলিলাদি পেশ করিতেছি ঃ—

(ক) ছক এক্স-ডি-২ যথাযথভাবে পূরণকৃত।

(খ) কাঁচামাল ও মোড়কের কাঁচামাল আমদানী সংশ্লিষ্ট ইনভয়েস ও বিল অব এন্ট্রির সত্যায়িত ফটোকপি/অনুলিপি।

(গ) রপ্তানী পণ্যের সংশ্লিষ্ট ইনভয়েস ও বিল অব এক্সপোর্টের সত্যায়িত ফটোকপির অনুলিপি।

(ঘ) স্থানীয়ভাবে সংগৃহীত আমদানীকৃত কাঁচামাল/প্রক্রিয়াজাত কাঁচামাল/মোড়ক ক্রয়ের ভাউচার এবং সংশ্লিষ্ট আমদানী দলিলাদির সত্যায়িত অনুলিপি।

(ঙ) প্রস্তুতকৃত পণ্যের ২/৩ প্রস্থ প্রামানিক নমুনা।

(চ) অন্যান্য দলিলাদি, যথা ঃ—

তারিখ ঃ

সীলমোহরসহ রপ্তানীকারক অথবা লিখিতভাবে অধিকারপ্রাপ্ত তাঁহার প্রতিনিধির নাম ও স্বাক্ষর।

ছক—এম ডি-২

উপ-বিধি ৩(২) (ক) দ্রষ্টব্য

রপ্তানী পণ্যের ও মোড়কের একক প্রতি উৎপাদনের জন্য প্রয়োজনীয় আমদানীকৃত কাঁচামালের সহগ (কোএফিসিয়েন্ট) সি এণ্ড এফ মূল্য ও তজ্জন্য প্রদেয় শুল্ক, বিক্রয় করাদি ইত্যাদির বিবরণ।

ক: রপ্তানী পণ্য প্রস্তুতকরণে আমদানিকৃত কাঁচামালের বিবরণ

| ক্রমিক নম্বর | আমদানীকৃত কাঁচামাল-এর বিবরণ | উৎপাদিত পণ্যের একক | একক প্রতি উৎপাদনের কাঁচামাল-এর ব্যবহারের পরিমাণ | বৈদেশিক মুদ্রার একক প্রতি মূল্য | বৈদেশিক মুদ্রার সাময়িক বিনিময় হার |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| | | | | | |

| একক প্রতি শুল্কারোপযোগ্য মূল্য (টাকায়) | ট্যারিফ হেডিংসহ শুল্কের হার | একক প্রতি পরিশোধকৃত শুল্কের পরিমাণ | শুল্ক পরিশোধকৃত (ডিউটি পেইড) মূল্য | বিক্রয় করের হার | একক প্রতি পরিশোধকৃত বিক্রয় করের পরিমাণ |
|---|---|---|---|---|---|
| ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ |
| | | | | | |

| ডি,এস,সি'র হার | একক প্রতি পরিশোধকৃত ডি,এস,সি'র পরিমাণ | সি,ডি,এস, টি, ও ডি,এস,সির মোট পরিমাণ ৯,১২ ও ১৪ নং কলামের যোগফল | অপচয় (যদি থাকে) এর শতকরা হার | একক প্রতি অপচয়ের পরিমাণ (টাকায়) | মন্তব্য, |
|---|---|---|---|---|---|
| ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ |
| | | | | | |

খ: মোড়ক সামগ্রী প্রস্তুতের উদ্দেশ্যে আমদানীকৃত কাঁচামালের বিবরণ:

| ক্রমিক নম্বর | আমদানীকৃত কাঁচা-মালের বিবরণ | উৎপাদিত মোড়কের একক | একক প্রতি মোড়কের উৎপাদনে কাঁচা মাল এর ব্যবহারের পরিমাণ | বৈদেশিক একক প্রতি মূল্য | বৈদেশিক মুদ্রার সমসাময়িক বিনিময় হার |
| --- | --- | --- | --- | --- | --- |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| | | | | | |

| একক প্রতি শুল্কারোপযোগ্য মূল্য (টাকায়) | ট্যারিফ হেডিংসহ শুল্কের হার | একক প্রতি পরিশোধকৃত শুল্কের পরিমাণ | শুল্ক পরিশোধকৃত (ডিউটি পেইড) মূল্য | বিক্রয় করের হার | একক প্রতি পরিশোধকৃত বিক্রয় করের পরিমাণ |
| --- | --- | --- | --- | --- | --- |
| ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ |
| | | | | | |

| অতিরিক্ত কোন শুল্ক (যদি থাকে) এর হার | একক প্রতি পরিশোধিত অতিরিক্ত শুল্কের পরিমাণ (যদি থাকে) | ৯,১২ ও ১৪ নং কলামের যোগফল | অপচয় (যদি থাকে) এর শতকরা হার | একক প্রতি অপচয়ের পরিমাণ (টাকায়) | মন্তব্য |
| --- | --- | --- | --- | --- | --- |
| ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ |
| | | | | | |

গ: স্থানীয়ভাবে সংগৃহীত আমদানীকৃত কাঁচামাল অথবা প্রক্রিয়াজাত কাঁচামাল-এর বিবরণ:

| ক্রমিক নম্বর | ব্যবহৃত পণ্যের বিবরণ | স্থানীয় বিক্রেতা সরবরাহকারীর নাম ও ঠিকানা | আমদানীকারকের নাম ও ঠিকানা | পণ্যের একক উৎপাদনে ব্যবহৃত কাঁচামালের পরিমাণ | একক প্রতি ব্যবহৃত কাঁচামালের ক্রয়মূল্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| | | | | | |

| একক প্রতি ব্যবহৃত কাঁচামালের আমদানী মূল্য | শুল্ক হারসহ ট্যারিফ হেডিং | পরিশোধিত শুল্কের পরিমাণ | বিক্রয় করের হার | পরিশোধিত বিক্রয় করের পরিমাণ | অন্য কোন শুল্ক (যদি থাকে) এর হার |
|---|---|---|---|---|---|
| ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ |
| | | | | | |

| পরিশোধিত অন্য কোন শুল্কের পরিমাণ (যদি থাকে) | ৯+১১+১৩ | অপচয় (যদি থাকে) এর শতকরা হার | একক প্রতি অপচয়ের পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ |
| | | | | |

নোট: (১) উপরোক্ত ছকের কোন কলাম পূরণ করিতে অপরাগ হইলে অপরাগতার যুক্তিগ্রাহ্য কারণ ব্যাখ্যা করে সেই কলামে উল্লেখ করুন।

(২) রপ্তানীপণ্য উৎপাদনে অনুসৃত পদ্ধতির সংক্ষিপ্ত প্রতিবেদন সংযুক্ত করুন।

আবেদনকারীর সীলমোহরযুক্ত স্বাক্ষর।

ছক—এস ডি-৩
উপ-নবাব ৮(৪) দ্রষ্টব্য

নিবন্ধ-ছক (রেজিষ্টার প্রোফরমা)

(প্রস্তুতকারক এই ছকে কাঁচামাল ও প্রস্তুতকৃত পণ্যের সকল তথ্যাদি পরিবেশন করিবেন। প্রয়োজনবোধে অন্যান্য তথ্যাদি "মন্তব্য" কলামে লিপিবদ্ধ করিবেন)।

(ক) কাঁচামাল সংক্রান্ত তথ্যাবলী:

| প্রস্তুতকারক কর্তৃক সরাসরি আমদানীকৃত কাঁচামালের বিবরণ ও পরিমাণ | বিল-অব-এন্ট্রি নং ও তারিখ | কারখানায় কাঁচামাল প্রাপ্তির তারিখ | স্থানীয়ভাবে সংগৃহীত আমদানীকৃত কাঁচামালের বিবরণ (পরিমাণ ও সংগ্রহের তারিখসহ) | স্থানীয়ভাবে সংগৃহীত প্রক্রিয়াজাত কাঁচামালের বিবরণ (পরিমাণ ও সংগ্রহের তারিখসহ) |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | | | | |

| উৎপাদনের পূর্বে কাঁচামালের বিক্রয়/অপসারণ/অপচয় (যদি থাকে) | প্রস্তুতকরণের জন্য ইস্যুকৃত কাঁচামালের বিবরণ, পরিমাণ ও তারিখ | উৎপাদনকালে অবচিত কাঁচামালের বিবরণ ও পরিমাণ | অবচিত কাঁচামালের সংরক্ষণ/নিষ্পত্তির বিবরণ | মন্তব্য |
|---|---|---|---|---|
| ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| | | | | |

(খ) প্রস্তুতকৃত পণ্য সংক্রান্ত তথ্যাবলী:

| প্রস্তুতকৃত পণ্যের বিবরণ ও পরিমাণ | রপ্তানী পণ্যের বিবরণ, পরিমাণ কারখানা হইতে নিষ্ক্রমণের তারিখ | রপ্তানীকৃত পণ্যের বিবরণ, পরিমাণ ও মূল্যসহ বিল-অব-এক্সপোর্ট নম্বর ও তারিখ | রপ্তানীর পর অবশিষ্টাংশের নিষ্পত্তির বিবরণ | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | | | | |

রপ্তানীকারক/প্রস্তুতকারকের স্বাক্ষর ও সীল।

শুল্ক—এম ডি-৪
বিধি ১১ দ্রষ্টব্য

ডাকযোগে রপ্তানীকৃত পণ্যের শুল্ক/কর প্রত্যর্পণ দাবীর প্রত্যায়ন পত্র

| রপ্তানী রেজিষ্ট্রীকরণ নং রপ্তানী লাইসেন্স/পারমিট নং ইস্যুর তারিখ মেয়াদ উত্তীর্ণের তারিখ এল/সি নং এল/সি-এর তারিখ চালান(ইনভয়েস) নং তারিখ | রপ্তানীকারকের নাম ঠিকানা গ্রাহীর (কনসাইনী) নাম ঠিকানা | জি, আর, পি ফরম নং তারিখ মূল্য (বৈদেশিক মুদ্রায়) | ডাক রশিদ নং তারিখ যে ডাকঘর হতে রপ্তানীকৃত নাম: স্থান: যে শুল্ক দপ্তর হতে রপ্তানীকৃত নাম: স্থান: | মোড়কের সংখ্যা ও বিবরণ (কথায়) | মোড়ক এর উপর মার্কা ও সংখ্যা |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| | | | | | |

| মালের বিবরণ | পরিমাণ | মোট ওজন | বি টি টি শিরোনাম | মূল্য | শুল্ক কর | বিক্রয় কর | অন্য কোন শুল্ক | মোট পরিশোধকৃত শুল্ক, বিক্রয়কর ও অন্য শুল্ক এর পরিমাণ |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| | | | | | | | | |

আমি/আমরা হলফ করিতেছি যে, উপরোল্লিখিত বিবরণাদি সম্পূর্ণ, সঠিক এবং সত্য।

রপ্তানীকারক/এজেন্টের নাম ও সহি।

উল্লেখিত মালামাল পরীক্ষান্তে ঘোষণা অনুযায়ী সঠিক পাওয়া গেল।

শুল্ক পরীক্ষকের সহি ও সীলমোহর।

প্রতিস্বাক্ষরিত
শুল্ক কর্মকর্তার সহি ও সীলমোহর।

**ডাকে দেওয়া প্রত্যায়নপত্র:** প্রত্যায়িত করা যাইতেছে যে, (ক)------------------------মোড়ক (খ) মার্কা, সংখ্যা, সর্বমোট ওজন, ঠিকানা যাহা উপরে উল্লেখ করা হইয়াছে, তাহা কাষ্টম সীলমোহরকৃত অবস্থায় ঘোষণা মোতাবেক ডাকযোগে আমার ব্যক্তিগত তত্বাবধানে অথবা আমার দ্বারা দায়িত্ব-প্রাপ্ত ডাক কর্মকর্তার ব্যক্তিগত তত্বাবধানে বিদেশে পাঠানো হইয়াছে।

প্রধান ডাক কর্মকর্তার সহি
ডাকঘর সীলমোহর।

**নোট:** (১) এই প্রত্যায়ন-পত্রের পাঁচটি অনুলিপি ডাক কর্তৃপক্ষের নিকট রপ্তানী চালান (ইনভয়েস) সহ জমা দিতে হইবে।

(২) মালামাল পরীক্ষা ও কাগজ-পত্রাদির প্রতিপাদন (ভেরিফিকেশন) সম্পূর্ণ হইলে ডাক-কর্তৃপক্ষ কর্তৃক শুল্ক বিভাগে চালানটি ও অন্যান্য কাগজ-পত্র সরাসরি প্রেরণ করিতে হইবে। শুল্ক বিভাগের দলিলাদির প্রতিপাদন (ভেরিফিকেশন) সম্পন্ন হওয়ার পর সকল কাগজ-পত্র ডাক-বিভাগে ফেরত যাইবে।

(৩) ডাক-কর্তৃপক্ষ প্রমান-পত্র পাওয়ার পর মূল ও চতুর্থ অনুলিপি সংশ্লিষ্ট শুল্ক কর্মকর্তার নিকট প্রেরণ করিবেন। দ্বিতীয় ও তৃতীয় অনুলিপি রপ্তানীকারককে ফেরত দিবেন। পঞ্চম অনুলিপিটি ডাক-কর্তৃপক্ষ স্বীয় দপ্তরে নথিভুক্ত করিয়া রাখিবেন।

(৪) শুল্ক কর্মকর্তা মূল অনুলিপি সংরক্ষণ করিবেন ও চতুর্থ অনুলিপি সংশ্লিষ্ট সহকারী/ডেপুটি কালেক্টর যিনি কালেক্টরেটে ড্র-ব্যাকের দায়িত্বে রহিয়াছেন তাঁহার নিকট প্রেরণ করিবেন।

(৫) রপ্তানীকারক সংশ্লিষ্ট শুল্ক কর্মকর্তার নিকট শুল্ক প্রত্যার্পণ দরখাস্তের সংগে ছকের তৃতীয় অনুলিপি সংযুক্ত করিবেন।

(৬) কোন মোড়কের কাষ্টম সীলমোহর ভাঙ্গা বা সন্দেহজনক হইলে পোষ্ট অফিস কর্তৃপক্ষ উক্ত প্যাকেট রপ্তানীর জন্য গ্রহণ করিবেন না।

শুল্ক ফরম ডি-৫

উপ-বিধি ৬(২) দ্রষ্টব্য

টাকা ২.০০ (দুই টাকা) মূল্যের কোর্ট ফি ষ্ট্যাম্প সংযুক্ত করুন

সমীপেষু,

সহকারী/ডেপুটি কালেক্টর অব কাষ্টমস (শুল্ক কর প্রত্যার্পণের দায়িত্ব প্রাপ্ত)
শুল্ক ভবন,
ঢাকা/চট্টগ্রাম/খুলনা।

বিষয়: রপ্তানী ড্র-ব্যাক/রিবেট প্রদানের জন্য আবেদনপত্র।

মহোদয়,

এস,আর,ও সংখ্যা--------------------তারিখ--------------------মোতাবেক নিম্ন-বর্ণিত রপ্তানীর উপর প্রত্যার্পন যোগ্য শুল্ক কর মঞ্জুরীর জন্য আবেদন পেশ করিতেছি। দাবীর স্বপক্ষে আনুষংগিক দলিলাদিসহ সকল প্রয়োজনীয় তথ্যাবলী নিম্নে প্রদত্ত হইল:

ক। রপ্তানীকৃত সম্পর্ক তথ্য:

(১) রপ্তানীকারকের নাম, ঠিকানা ও রেজিষ্ট্রেশন নং:

(২) জাহাজের নাম:

(৩) যে শুল্ক-ষ্টেশনহইতে রপ্তানী করা হইয়াছে তাহার নাম:

(৪) রোটেশন নং/ফ্লাইট নং:

(৫) রপ্তানীর তারিখ:

(৬) বিল-অব-এক্সপোর্ট (শিপিং বিল) নং ও তারিখ:

(৭) ইনভয়েস নং ও তারিখ:

খ। অন্যান্য তথ্যাবলী:

(১) জি,আর পি নং ও তারিখ:

(২) বি,এল,/এ, ডব্লিউ, বি/আর, আর/ট্রাক চালান নং ও তারিখ:

গ। শুল্ক কর প্রত্যার্পণ দাবীর তথ্যাবলী :

| ক্রমিক নং | পণ্যের বিবরণ | পণ্যের পরিমাণ | একক প্রতি প্রত্যার্পণ হার | | | প্রত্যার্পণযোগ্য শুল্ক করের অংক | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | শুল্ক | বিক্রয় কর | অন্য কিছু (যদি থাকে) | শুল্ক | বিক্রয় কর | অন্য কিছু (যদি থাকে) | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| | | | | | | | | | |

ঘ। সর্বমোট টাকা------------------------------------এর শুল্ক কর প্রত্যার্পণ দাবী করা হইল।

ঙ। সংযুক্ত আনুষংগিক দলিলপত্রের বিবরণী :

(১) বিল-অব-এক্সপোর্টের (শিপিং বিলের) তৃতীয় অনুলিপি।

(২) এসেসিং অফিসার কর্তৃক স্বাক্ষরকৃত রপ্তানী ইনভয়েস।

(৩) বিল-অব-লেডিং/এয়ারওয়ে বিল/আর আর/ট্রাক রিসিটের অ-বিনিময়যোগ্য (নননেগোশিয়েবল) অনুলিপি।

(৪) ইনভয়েসে উল্লেখিত মূল্যের বৈদেশিক মুদ্রার হস্তান্তর সম্পন্ন হইয়াছে এবং রপ্তানীকারককে দেশীয় মুদ্রায় মূল্য প্রদান করা হইয়াছে এই মর্মে সংশ্লিষ্ট তফশিলী ব্যাংক কর্তৃক প্রদত্ত প্রত্যায়ন পত্র ঃ—

(৫) অন্যান্য দলিল (যদি থাকে) ঃ—

ঘোষণা ঃ ১৯৬৯ সনের শুল্ক আইনের ৪১ ধারার শর্তানুসারে আমি/আমরা ঘোষণা করিতেছি যে উপরে উল্লিখিত পণ্য প্রকৃত পক্ষেই রপ্তানী করা হইয়াছে এবং ঐ পণ্য সামগ্রী বাংলাদেশ বা উহার কোন অংশে ফিরাইয়া আনা হয় নাই এবং ফিরাইয়া আনার কোন অভিপ্রায় আমার/আমাদের নাই এবং রপ্তানী/জাহাজজাত করার সময় পর্যন্ত আমি/আমরা উক্ত পণ্যসামগ্রী আইনানুগ মালিক ছিলাম এবং উক্ত পণ্যসামগ্রীর উপর প্রদেয় রপ্তানী ড্রব্যাক/রিবেট আইন সম্মতভাবে একমাত্র আমার/আমাদের প্রাপ্য।

তারিখ ঃ

সীলমোহরসহ রপ্তানীকারক বা লিখিতভাবে তাঁহার অধিকারপ্রাপ্ত ব্যাংক কর্মকর্তার স্বাক্ষর।

মোঃ সিদ্দিকুর রহমান, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা, কর্তৃক মুদ্রিত।
খোন্দকার মাহ্‌ফুজাল করিম, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ ফরমস্‌ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।